

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন

গত ৫ জুলাই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। এ সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাম্মদ আলী। এ অনুষ্ঠানে শিক্ষক, ছাত্র, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। পূর্বাহ্নে ভাইস চ্যান্সেলর প্রশাসনিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং ভিত্তিপ্রস্তর স্থাপনের পর মোনাজাত অনুষ্ঠিত হয়।

সভাপতির ভাষণে ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাম্মদ আলী বলেন যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক

ভবনের প্রয়োজনীয়তা বহুদিন আগে থেকে অনুভূত হয়ে আসছিল তার কারণ বর্তমান প্রশাসনিক ভবনে স্থান সংকুলান হয় না। ভাইস চ্যান্সেলর দুঃখ করে বলেন যে, এতে করে কর্মচারী ও কর্মকর্তাদের দক্ষতা বিঘ্নিত হয়। তিনি আরো বলেন যে, নতুন প্রশাসনিক ভবনে রেকর্ড রুমের সমস্যায় স্থায়ী সমাধান হবে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার জনাব আব্দুর রশীদ বলেন যে, নতুন প্রশাসনিক ভবন হলে অনেক অসুবিধা দূর হবে এবং এতে করে প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারীদের স্থান সংকুলান হবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।